[redacted]

[redacted]

[redacted]

দেওয়া হয়নি। আমরা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালককে নির্দেশ দিয়েছি, স্কুল খোলার জন্য প্রস্তুতির যে নির্দেশিকার অনুমোদন দিয়েছি—তা বিদ্যালয় পর্যায়ে সরবরাহ করে সবাইকে অবহিত করতে। একই সঙ্গে সচেতনতা তৈরির জন্য পোস্টার ও লিফলেটের ব্যবস্থা করতে বলেছি।

তিনি বলেন, যখনই খুলে দেওয়া হোক না কেন, বিশ্ব স্বাস্থ্য সংস্থাসহ আন্তর্জাতিক সংস্থাগুলোর শর্ত প্রতিপালন করে বিদ্যালয় খুলে দেওয়ার জন্য একটি নির্দেশিকা (স্কুল রি-ওপেনিং প্ল্যান) তৈরি করেছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। নির্দেশিকা অনুযায়ী, স্কুল খুলে দেওয়ার পর স্বাস্থ্যবিধি মেনে পরিচালিত হবে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সব কার্যক্রম। শিক্ষক-শিক্ষার্থীদের মুখে মাস্ক পরা, হাত পরিষ্কার, থার্মোমিটার ব্যবহার বাধ্যতামূলক করা হবে। প্রতিদিন কীভাবে ক্লাস পরিচালনা হবে, সে বিষয়ে দিকনির্দেশনা নির্ধারণ করে আলাদাভাবে সাত ক্যাটাগরিতে ৩০টির মতো নির্দেশনা রয়েছে এই পরিকল্পনায়।

পরিকল্পনা অনুযায়ী, বিদ্যালয় খোলার সরকারি নির্দেশনার পর ন্যূনতম ১৫ দিন আগে শিক্ষক, কর্মচারী এবং বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির (এসএমসি) সদস্যদের উপস্থিতিতে পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম শুরু করতে হবে।

সূত্র- বিডি প্রতিদিন

গাংনীতে ইউ. পি চেয়ারম্যান মিজানুর রহমান রানার মাস্ক বিতরণ

গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নে গতকাল বিকাল থেকে ৫ টি গ্রামে মাস্ক বিতরণ করেন ইউ পি চেয়ারম্যান মিজানুর রহমান রানা।

মিজানুর রহমান রানা জানান, এক জন নির্বাচিত জন প্রতিনিধি হিসেবে

আমার নৈতিক দায়িত্ব যেন সকলে সুস্থ থাকতে পারে সেদিকে লক্ষ্য রাখা।

সকলকে সুস্থ রাখতে হলে মাস্ক পরতে হবে। সেই কারণে আমি মাস্ক বিতরণ করছি।

নেশার টাকা না পেয়ে মিরপুরে ভিক্ষুককে হত্যার অভিযোগ

মাদক কেনার টাকা দিতে অস্বীকার করায় ছাইদা খাতুন (৩৪) নামে এক ভিক্ষুককে পিটিয়ে ও শ্বাসরোধ করে হত্যার অভিযোগ উঠেছে তার আপন ভাইয়ের ছেলের বিরুদ্ধে। এ ঘটনা ঘটে কুষ্টিয়ার মিরপুরে।

মঙ্গলবার দুপুরে মরদেহের ময়নাতদন্ত শেষে পরিবারের লোকজনের নিকট হস্তান্তর করেছে পুলিশ।

নিহত ছাইদা খাতুন মিরপুর উপজেলার পোড়াদহ ইউপির তেঘরিয়া ক্যানেলপাড়া এলাকার মৃত কিতাদী প্রামানিকের মেয়ে।

স্থানীয় সূত্রে জানা যায়, স্বামী পরিত্যক্ত নারী ছাইদা খাতুন তার বড় ভাই ইউনুস প্রামানিকের বাড়িতেই দীর্ঘদিন ধরে বসবাস করতেন। তিনি গ্রামে, বাজারে ভিক্ষা করেন এবং একাই থাকেন। ভিক্ষার টাকা নিতে প্রায়ই ইউনুসের বড় ছেলে মাদকাসক্ত রনি প্রামানিকের সঙ্গে তার বিবাদ হত।

সোমবার সকালে ভিক্ষুক ছাইদা খাতুনের কাছে থাকা এক হাজার টাকা নিতে যান রনি প্রামানিক। এ সময় ছাইদা খাতুন টাকা দিতে অস্বীকার করায় তাকে বেদম মারধর করেন। এক পর্যায়ে ছাইদা খাতুনের গলার উপরে পা দিয়ে শ্বাসরোধ করেন।

পরে প্রতিবেশীরা ছাইদা খাতুনের কোন সাড়া না পেয়ে ঘরে গিয়ে তাকে মৃত অবস্থায় দেখে। পুলিশে খবর দিলে সোমবার বিকালে পুলিশ মরদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠায়। এ ঘটনার পর থেকে রনি প্রামানিক (৩০) পলাতক রয়েছে।

মিরপুর থানার এসআই আতিকুল ইসলাম ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, ময়নাতদন্ত সম্পন্ন হয়েছে, রিপোর্ট আসলে মৃত্যুর ঠিক কারণ জানা যাবে।

কুষ্টিয়ায় অন্যের জমি রেজিস্ট্রেশনের ঘটনায় আরও এক প্রতারক আটক

কুষ্টিয়ায় জাতীয় পরিচয়পত্র জালিয়াতি করে অন্যের জমি রেজিস্ট্রেশনের ঘটনায় আরও এক প্রতারককে আটক করেছে পুলিশ। আটককৃত ব্যক্তির নাম মহিবুল ইসলাম। মহিবুল মিরপুরের কাটদহ চর গ্রামের মৃত সাহাজদ্দিন বিশ্বাসের ছেলে।

গত রাতে অভিযান চালিয়ে তার নিজ বাড়ি থেকে আটক করে পুলিশ। এর আগে গতকাল এঘটনার সাথে জড়িত প্রতারক চক্রের ৪ জনকে আটক করে পুলিশ।

অনুসন্ধানে জানা যায়, কুষ্টিয়া শহরের একটি প্রতারক চক্র ভুয়া এনআইডি কার্ড তৈরি করে মজমপুর মৌজার ২৫৭৫, ২৫৭৬, ২৫৮০, ২৫৮১ দাগের মধ্যে ০.২২ একর জমি বিক্রয় করে। এই.২২ শতক জমি ক্রয় করে মহিবুল ইসলাম।

কুষ্টিয়ার পুলিশ সুপার এসএম তানভীর আরাফাত জানান, শুক্রবার যমুনা টিভির ইনভেস্টিগেশন থ্রি সিক্সটি ডিগ্রীতে এ সংক্রান্ত একটি অনুসন্ধানি প্রতিবেদন প্রচার হলে ভুক্তভোগীকে অভিযোগপত্র প্রদানের পরামর্শ দেয়া হয়। তারই ভিত্তিতে এখন পর্যন্ত প্রতারক চক্রের ৫ সদস্যকে আটক করা সম্ভব হয়েছে। পুলিশ বলছে এই প্রতারণার সাথে জড়িত অন্যদেরও গ্রেফতার করতে অভিযান অব্যাহত রয়েছে।

উল্লেখ্য, ভুক্তভোগী ব্যক্তির প্রায় ১০০ কোটি মূল্যের সম্পত্তি জাতীয় পরিচয়পত্র জালিয়াতি করে বিক্রির চেষ্টা করে এই প্রতারক চক্র।

দর্শনা বাসস্ট্যান্ডে সিন্দুক সহ ৫ লক্ষাধিক টাকার স্বর্ণালংকার চুরি

চুয়াডাঙ্গা জেলার দর্শনা বাস স্ট্যান্ডে মিনি ট্রাক ভিড়িয়ে সিন্দুক সহ ৫ লক্ষাধিক টাকার স্বর্ণালঙ্কার চুরি হয়েছে। এ বিষয়ে দোকানের মালিকের কাছ থেকে জানা গেছে গতরাত আনুমানিক ২ টায় এই চুরি সংঘটিত হয়েছে।

দর্শনা মদন সুপার মার্কেট এর সৌখিন জুয়েলার্স শ্রী সমারেশ পাত্র বিদ্যুৎ জানায় সাড়ে ৮ ভরি স্বর্ণ, ৫০ থেকে ৬০ ভরি রুপা এবং একটি সিন্দুক চুরি হয়েছে।

দর্শনা বাস স্ট্যান্ড সড়কের হল্ট স্টেশন রোডের ডানপাশে মদন সুপার মার্কেটে মিনি ট্রাক ভিড়িয়ে দোকানের তালা ও সটার কেটে আধ ঘণ্টাব্যাপী তাণ্ডব চালিয়ে দোকানের সব মালামাল লুট করে নিয়ে যায় চোরেরা।

এ বিষয়ে দর্শনা থানার ওসি মাহবুবুর রহমান কাজল এর কাছে জানতে চাইলে তিনি বলেন, আমি শুনেছি চুরি হয়েছে, তবে বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে এবং সিসি ক্যামেরা চেক করা হচ্ছে, চুরি যাওয়া মালামাল উদ্ধার করার কাজ চলছে।

সৌখিন জুয়েলার্স এর মালিক শ্রী সমারেশ পাত্র বিদ্যুৎ বলেন, এ বিষয়ে থানায় অভিযোগ করা হয়েছে। সবশেষে দোকানের মালিক বলেন আমার দোকানে এই চুরির কারণে আমি সব হারিয়ে সার্বিক দিক দিয়ে ক্ষতিগ্রস্ত হয়ে পড়েছি।

আমঝুপি, শ্যামপুর, বারাদি ও পিরোজপুর ইউনিয়নের সীমানা চুড়ান্ত

অবশেষে মেহেরপুর সদর উপজেলায় শ্যামপুর, পিরোজপুর, আমঝুপি ও বারাদিকে নতুন ইউনিয়ন গঠন করা হয়েছে। মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নকে ভেঙে আমঝুপি ও শ্যামপুর, এবং পিরোজপুর ইউনিয়নকে ভেঙে পিরোজপুর ও বারাদি ইউনিয়ন করা হয়।

৭ সেপ্টেম্বও মেহেরপুরের সহকারি কমিশনার ভুমি মো: মাইনউদ্দিন এ সংক্রান্ত চুড়ান্ত গণবিজ্ঞপ্তি প্রকাশ করেন।

এর আগে গত ২৪ জুন দুটি পৃথক গণবিজ্ঞপ্তির মাধ্যমে এ ইউনিয়ন দুইটি ঘোষনা করে মেহেরপুর সদর উপজেলা ভূমি অফিস। পরবর্তিতে কোন আপত্তি না উঠায় চুড়ান্ত গণবিজ্ঞপ্তি জারি করা হয়।

নতুন ইউনিয়নের মধ্যে ৫ টি মৌজা ও ৭টি গ্রাম নিয়ে পুনর্গঠিত পিরোজপুর ইউনিয়ন গঠন করা হয়। মৌজা গুলো হলো- পিরোজপুর, বলিয়ারপুর, টুঙ্গী, সোনাপুর, কাঁটালপোতা,
পিরোজপুর ইউনিয়নের অধীনস্থ গ্রামসমূহ – নূরপুর, পিরোজপুর, গহরপুর, টুঙ্গী, সোনাপুর, বলিয়ারপুর, কাঁঠালপোতা।

এছাড়াও ৯ টি মৌজা ও ১৫টি গ্রাম নিয়ে নবগঠিত বারাদি ইউনিয়ন গঠন করা হয়েছে । মৌজা গুলো হলো মৌজা- রাজনগর, যোগিন্দা, কলাইডাঙ্গা, বারাদি, বর্শিবাড়ী, পাটাপুকা, পুরাতন দরবেশপুর, নতুন দরবেশপুর, সিংহাটি।

বাড়াদি ইউনিয়নের অধীনস্থ গ্রামসমূহ- রাজনগর, জুগিন্দা, কলাইডাঙ্গা, বারাদি, মোমিনপুর, বর্শিবাড়িয়া, হাসনাবাদ, পাটাপোকা, পাটকেলপোতা, চাঁদপুর, নতুন দরবেশপুর, পুরাতন দরবেশপুর, সিংহাটি, পূর্বপাড়া, শিমুলতলা।

অপরদিকে, ৯ টি মৌজা ও ১২ টি গ্রাম নিয়ে পুনর্গঠিত আমঝুপি ইউনিয়ন গঠন করা হয়েছে। মৌজা গুলো হলো- খোকসা, ময়ামারী, চাঁদবিল, কোলা, ইসলাম নগর, হিজলী, আমঝুপি, রঘুনাথপুর, বিলকোলা।

পুনর্গঠিত আমঝুপি ইউনিয়নের অধীনস্থ গ্রামসমূহ – খোকসা,

কদমতলাপাড়া, ময়ামারী, চাঁদবিল, দফরপুর, ইসলামনগর, হিজলী, আমঝুপি, রঘুনাথপুর, আশ্রয়ণ প্রজেক্ট, কোলা, বিলকোলা।

আরও ৭ টি মৌজা ও ১২ টি গ্রাম নিয়ে নবগঠিত শ্যামপুর ইউনিয়ন গঠন করা হয়েছে। মৌজা গুলো হলো, মৌজা- ঝাউবাড়ীয়া, রামনগর, ধানতলা, গোপালপুর, বসন্তপুর, আলমপুর, শ্যামপুর।

নবগঠিত শ্যামপুর ইউনিয়নের অধীনস্থ গ্রামসমূহ-ঝাউবাড়িয়া, দিঘিরপাড়া, রামনগর, কাজীপুর পাড়া, গোপালপুর, বসন্তপুর, পুরাতন মদনাডাঙ্গা, নতুন মদনাডাঙ্গা, আলমপুর, ধূশারপাড়া, শ্যামপুর, বেলতলাপাড়া।

এই বিষয়ে সহকারী কমিশনার (ভূমি) মাইনউদ্দিন সাক্ষরিত গন বিজ্ঞপ্তিতে বলেন, জন সংখ্যা বৃদ্ধিজনিত কারনে এবং প্রশাসনিক সুবিধার্থে বড় দুটি ইউনিয়নকে ভেঙে চারটি করার সিদ্ধান্ত নেওয়া হয়। এর মধ্যে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নকে ভেঙে আমঝুপি ও শ্যামপুর এবং পিরোজপুর ইউনিয়নকে ভেঙে পিরোজপুর ও বারাদি ইউনিয়ন গঠন করা হয়েছে।

তিনি বলেন, স্থানীয় সরকার আইন, ২০০৯ এর ১২ ধারার ক্ষমতাবলে সীমানা নির্ধারণকারী কর্মকর্তা হিসেবে সদর উপজেলা ভুমি কর্মকতা (সহকারি কমিশনার ভুমি) ওই আইনের ১৩ ধারার বিধান অনুযায়ী নবগঠিত শ্যামপুর ও বারাদি ইউনিয়নের প্রস্তাবিত ওয়ার্ড সমূহের সীমানা নির্ধারণ পূর্বক একটি গন বিজ্ঞপ্তি জারি করেন।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, ওয়ার্ডের তালিকাতে কারও আপত্তি থাকলে ১০ কার্য দিবসের মধ্যে জেলা প্রশাসকের কাছে লিখিতভাবে আপিল করতে পারবে। এই বিষয়ে সংশোধিত তালিকা প্রকাশের পর নির্ধারিত সময়ের মধ্যে কোন আপিল দায়ের না হওয়ায় ‘পুনর্গঠিত পিরোজপুর, বারাদি, আমঝুপি, শ্যামপুর ইউনিয়ন’ এর ওয়ার্ড সমূহের চূড়ান্ত তালিকা প্রকাশ করা হয়েছে।

মেহেরপুরে ছাগল পালন প্রশিক্ষণ

মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গোরস্থান পাড়াতে ৩০ জন নারী ব্ল্যাকবেঙ্গল ছাগল খামারীদের ছাগল পালন ব্যবস্থাপনার উপর এ দিনের প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়।

মঙ্গলবার সকাল থেকে দুপুর পর্যন্ত প্রশিক্ষণে প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন- ব্ল্যাকবেঙ্গল ছাগলপালন প্রকল্প সমন্বয়কারী জাহাঙ্গীর আলম।

এসময় উপস্থিত ছিলেন ওয়েভ ফাউন্ডেশনের হিসাব কর্মকর্তা লাইলাতুল ইসলাম ও সহকারী ভ্যালূ চেইন ফ্যাসিলিটেটর সাব্বির হোসেন জিয়া। খামারীদের রোগ প্রতিরোধে মাচা পদ্ধতিতে ছাগলপালনে পরামর্শ দেয়া হয়।

‘বঙ্গবন্ধুর দেখনো পথেই বাংলাদেশ এগিয়ে যাচ্ছে’

মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে মুজিববর্ষে শতঘণ্টা মুজিবচর্চা’ শীর্ষক কর্মসূচীর আওয়তায় “জাতির পিতার উন্নয়ন পরিকল্পনা ও বর্তমানের বাংলাদেশ” শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মঙ্গলবার রাতে জুম ভিডিও কনফারেন্সের মাধ্যমে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনায় বঙ্গবন্ধুর সোনার বাংলা প্রতিষ্ঠায় বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৮ম বার্ষিকী কর্মপরিকল্পনা নিয়ে আলোচনায় মূল বক্তব্য উপস্থাপন করেন সাধারণ অর্থনিতি বিভাগের সদস্য সিনিয়র সচিব ডঃ শামসুল আলম।

তিনি বলেন, বঙ্গবন্ধুর স্বপ্নের বাংলাদেশের পথেই আমরা এগিয়ে চলেছি। বঙ্গবন্ধু স্বাধীনতা উত্তর যেমন বাংলাদেশ দেখতে চেয়েছিলেন

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে সেই বাংলাদেশের দিকেই আমরা এগিয়ে যাচ্ছি।

মেহেরপুর জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত জেলা প্রশাসক ড.মোহাম্মদ মুনসুর আলম খানের সভাপতিত্বে জুমের মাধ্যমে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

জুম কনফারেন্সে অন্যদের মধ্যে মেহেরপুর- ২ আসনের সংসদ সদস্য শহীদুজ্জামান খোকন, সাবেক সংসদ সদস্য মকবুল হোসেন, পুলিশ সুপার এস এম মুরাদ আলি, মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ শফিউল আলম সরদার, পাবলিক প্রসিকিউটর পল্লব ভট্টাচার্য্য, প্রফেসর হাসানুজ্জামান মালেক, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, যুগ্ম সম্পাদক অ্যাডভোকেট ইব্রাহিম শাহিন সহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ আলোচনা সভায় অংশগ্রহণ করেন।

দেশেই হবে আন্তর্জাতিক মানের রাসায়নিক পরীক্ষা, সুযোগ পাবে বিদেশিরাও

আন্তর্জাতিক মান অনুসরণ করে বিভিন্ন রাসায়নিকের পরিমাপ নিয়ে গবেষণায় সংবিধিবদ্ধ সংস্থা প্রতিষ্ঠায় ‘বাংলাদেশ রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস বিল-২০২০’ পাস হয়েছে জাতীয় সংসদে। এখন থেকে বিদেশিরাও চাইলে বাংলাদেশ থেকে রাসায়নিক পরীক্ষা করাতে পারবে।

আজ মঙ্গলবার (৮ সেপ্টেম্বর) স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে শুরু হওয়া অধিবেশনে বিল পাসের প্রস্তাব উত্থাপন করেন বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক মন্ত্রী ইয়াফেস ওসমান। পরে বিলটির ওপর বিরোধী দলের দেওয়া জনমত যাচাই-বাছাই কমিটিতে পাঠানোর প্রস্তাবগুলো কণ্ঠভোটে নাকচ হয়ে যায়। একইসঙ্গে বিলের উপর

সংশোধনী প্রস্তাবগুলো নিষ্পত্তি করা হয়। গত ২৩ জুন বিলটি সংসদে উত্থাপন করা হয়।

বিলটি পাসের আগে বিরোধী দলের জনমত যাচাই ও বাছাই কমিটিতে পাঠানোর প্রস্তাবের জবাবে সংসদে মন্ত্রী বলেন, আইনটি প্রবর্তন হলে একটি বিশ্বমানের ইনস্টিটিউট প্রতিষ্ঠার মাধ্যমে দেশে আন্তর্জাতিকভাবে গ্রহণযোগ্য রাসায়নিক পরিমাপ সেবার সুযোগ সৃষ্টি হবে।

রাসায়নিকের পরিমাপ পরীক্ষা করতে ২০১২ সালের ১০ জুন বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদের (বিসিএসআইআর) অধীনে সর্বোচ্চ জাতীয় রেফারেন্স প্রতিষ্ঠান হিসেবে ডেজিগনেটেড রেফারেন্স ইনস্টিটিউট ফর কেমিক্যাল মেজারমেন্টস (ডিআরআইসিএম) চালু করা হয়। এটি বাংলাদেশে রাসায়নিক পরিমাপ বিজ্ঞানে গবেষণায় সর্বপ্রথম ও একমাত্র রেফারেন্স ইনস্টিটিউট। যেখানে ওষুধ শিল্পসহ অন্যান্য শিল্পে রাসায়নিক পরিমাপ বিজ্ঞান বিষয়ে সব গবেষণার সুযোগ রয়েছে।

সংসদে পাস হওয়া নতুন আইনে এটি বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীন সংবিধিবদ্ধ ইসস্টিটিউটটে রূপান্তরিত হবে, যার প্রধান হবেন মহাপরিচালক। পরিচালনা পর্ষদের সভাপতি হবেন বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সচিব। এই প্রতিষ্ঠান পরিমাপ ও রেফারেন্স পরিমাণ সেবা দেবে।

এছাড়া প্রফিসিয়েন্সি টেস্টিং ও ইন্টার-ল্যাবরেটরি কমপ্যারিজন সেবা দেবে। প্রতিষ্ঠানটি রাসায়নিক পরিমাপ বিজ্ঞান সংক্রান্ত সর্বোচ্চ আন্তর্জাতিক সংস্থাসহ অন্যান্য আঞ্চলিক সংস্থা এবং সমধর্মী দেশীয়, আঞ্চলিক ও আন্তর্জাতিক প্রতিষ্ঠানের সঙ্গে যোগাযোগ রক্ষা করবে।

রিপোর্ট উত্থাপন
এদিকে সংসদ অধিবেশনের শুরুতে প্রশ্নোত্তর টেবিলে উত্থাপন ও জরুরি জনগুরুত্বপূর্ণ নোটিশের কার্যক্রম স্থগিত করা হয়। এরপর বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)-এর বার্ষিক প্রতিবেদন ২০১৮-২০১৯ সংসদে উত্থাপন করেন ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তফা জব্বার। পরে আইন প্রণয়ন কার্যক্রম শুরু হয়।

গত ৬ সেপ্টেম্বর থেকে চলতি সংসদের নবম অধিবেশন শুরু হয়।

সূত্র- কালের কন্ঠ